অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/11/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বাফেলোতে প্রবীণদের জন্য 17 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের মিশ্র ব্যবহার আবাসন তৈরির নির্মাণ কাজ শুরুর ঘোষণা করেন

লা প্লাজা ডে ভার্জিনিয়া কমিউনিটি সিনিয়র সার্ভিস সেন্টার এবং ক্যাফে সহকারে প্রবীণদের জন্য 46টি সাশ্রয়ী এবং সহায়ক আবাসন অফার করবে

এটি গভর্নর কুওমোর অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের, পাঁচ বছরের সাশ্রয়ী মূল্যের আবাসন পরিকল্পনার অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বাফেলোতে প্রবীণদের জন্য 17 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরির নির্মাণ কাজ শুরুর ঘোষণা করেন যাতে 46টি সাশ্রয়ী এবং সহায়ক আবাসন থাকবে। লা প্লাজা দে ভার্জিনিয়া নামে পরিচিত, এই প্রকল্পে একটি কমিউনিটি সিনিয়র সার্ভিস সেন্টার এবং ক্যাফে অন্তর্ভুক্ত করা হবে। ডেভেলপার হিসপানোস ইউনিডোস দে বাফেলো (Hispanos Unidos de Buffalo, HUB), একটি অলাভজনক প্রতিষ্ঠান যা বাফেলো এলাকার অনগ্রসর সম্প্রদায়কে সমন্বিত সামাজিক সেবা প্রদান করে। লা প্লাজা দে ভার্জিনিয়া গভর্নর কুওমোর অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের, পাঁচ বছর মেয়াদী সাশ্রয়ী হাউজিং পরিকল্পনার অংশ।

"নিউ ইয়র্ক সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন উন্নয়নে অভূতপূর্ব বিনিয়োগ করেছে, যা রাজ্যের প্রতিটি কোণায় জীবন যাপন করার জন্য নির্দিষ্ট আয়ের উপর নির্ভরশীল প্রবীণদের জন্য প্রাণবন্ত সম্প্রদায় তৈরি করেছে," **গভর্নর কুওমো বলেন।** "লা প্লাজা দে ভার্জিনিয়া আমাদের বাফেলোর কিছু সবচেয়ে অসহায় বাসিন্দাকে স্বাধীনভাবে বসবাস করতে সাহায্য করার জন্য সহায়ক আবাসন এবং স্বাস্থ্য সেবা প্রদান করার সুযোগ প্রদান করবে এবং সকল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন নিশ্চিত করার জন্য আমাদের অঙ্গীকারকে আরও এগিয়ে নিয়ে যাবে।"

"প্রত্যেক নিউ ইর্কবাসী তাদের মাথা গোঁজার ঠাঁই এর নিরাপত্তা এবং প্রয়োজনীয় পরিষেবাগুলি পাওয়ার দাবি রাখে, বিশেষ করে যখন আমরা এই মহামারীর সাথে লড়াই করছি," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই প্রকল্প 46টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করবে এবং বাফেলোর অনগ্রসর প্রবীণদের জন্য একটি কমিউনিটি সিনিয়র সেন্টার এবং একটি ক্যাফে সহ সহায়ক সেবা প্রদান করবে। গভর্নর কুওমোর অভূতপূর্ব পাঁচ বছরের সাশ্রয়ী মূল্যের আবাসন পরিকল্পনার মাধ্যমে আমরা গৃহহীনতা মোকাবেলা এবং সকল নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।"

254 ভার্জিনিয়া স্ট্রিটে অবস্থিত লা প্লাজা দে ভার্জিনিয়ায় এলাকার মধ্যক আয়ের 60 শতাংশের নিচে আয় করা প্রবীণ পরিবারের জন্য 46টি এক বেডরুমের এপার্টমেন্ট অন্তর্ভুক্ত করা হবে। সাবেক গৃহহীন প্রবীণদের জন্য চৌদ্দটি এপার্টমেন্ট নির্ধারণ করা হবে যারা তাদের একত্রিত হাউজিং এ স্থানান্তর করা এবং হাউজিং স্থিতিশীলতা অর্জনে সহায়তা করার জন্য সহায়ক সেবা পাবেন। সহায়ক সেবা গভর্নর এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের (Empire State Supportive Housing Initiative, ESSHI) মাধ্যমে অর্থায়ন করা হয় এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (Department of Health, DOH) দ্বারা পরিচালিত হয়।

ভাড়াটেদের জন্য সহায়ক সেবা প্রদানের মধ্যে, HUB ব্যাপক যত্ন ব্যবস্থাপনা, মাদক ব্যবহার এবং মানসিক স্বাস্থ্য সহায়তা, কাউন্সেলিং, সামাজিক ডে কেয়ার, পরিবহন, ঔষধ স্ব-ব্যবস্থাপনা, স্বাস্থ্য সেবা সমন্বয়, এডভোকেসি, বিনোদন, শিক্ষা এবং প্রশিক্ষণ কর্মশালা প্রদান করবে এবং কমিউনিটি ভিত্তিক সেবায় সুপারিশ এবং যোগাযোগ প্রদান করবে।

ভবনটিতে প্রতিটি তলায় একটি 4,000 বর্গফুট সাম্প্রদায়িক উঠান, লাউঞ্জ এবং লন্ড্রি রুম এবং 5,500 বর্গ ফুট কমিউনিটি সিনিয়র সার্ভিস সেন্টার থাকবে। উপরন্তু, এই প্রকল্প ভাড়াটে এবং স্থানীয় সম্প্রদায়ের বাসিন্দাদের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানের জন্য কমিউনিটি সুবিধা স্থান বরাদ্দ করবে, যার মধ্যে রয়েছে চিকিৎসা পেশাদারদের জন্য অফিস এবং টেলিহেলথ ক্ষমতাসম্পন্ন পরীক্ষা কক্ষ। প্রকল্পের প্রথম তলায় একটি ছোট ক্যাফে বাণিজ্যিক স্থানের ভারসাম্য গ্রহণ করবে যাতে বাসিন্দা এবং জনগণের জন্য স্বাস্থ্যকর খাদ্য সরবরাহ করা যায়।

লা প্লাজা দে ভার্জিনিয়ার অর্থায়নে ফেডারেল লো-ইনকাম হাউসিং ট্যাক্স ক্রেডিটস (Low-Income Housing Tax Credits) অন্তর্ভুক্ত যা ইউকুইটির ভিত্তিতে প্রায় 10.6 মিলিয়ন মার্কিন ডলার এবং হোমস ও কমিউনিটি রিনিউয়াল (HCR) থেকে অতিরিক্ত 3.1 মিলিয়ন মার্কিন ডলার উপার্জন করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গভর্নর কুওমোর বাফালো বিলিয়ন উদ্যোগের অংশ বেটার বাফেলো ফান্ডের মাধ্যমে 1.9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) ও তহবিল প্রদান করে। সিটি অফ বাফেলো'স আরবান রিনিউয়াল এজেন্সি 950,000 মার্কিন ডলার প্রদান করছে।

স্টিগ্লিটজ স্নাইডার আর্কিটেকচার 3 তলা প্রকল্পের নকশা নেতৃত্ব দেয়, যা কুলব্যাক নির্মাণ দ্বারা নির্মিত হবে, উভয় বাফেলো, NY ভিত্তিক। সম্পত্তি ব্যবস্থাপনা সেবা রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপ দ্বারা প্রদান করা হবে, এবং সামাজিক এবং সহায়ক সেবা হিসপানোস ইউনিডোস দে বাফেলোর মাধ্যমে সমন্বয় করা হবে।

নিম্ন আয়ের পরিবার এবং যাদের সহায়ক সেবার প্রয়োজন তাদের ভাল মানের, সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহ করার জন্য ডিজাইন করা হয়েছে, প্রকল্পটি সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করা এবং অর্থনীতির উন্নয়নে গভর্নরের সামগ্রিক কৌশলের অংশ। 2011 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেট হোমস

এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) সিটি অফ বাফেলোতে প্রায় 273 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যা 3,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করেছে।

সকল নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ এবং সাশ্রয়ী আবাসন তৈরির গভর্নর কুওমোর এই প্রতিশ্রুতি আবাসনকে আরও বেশি সহজলভ্য করে তুলেছে এবং 100,000 ইউনিটের ও বেশি সাশ্রয়ী মূল্যের আবাসন আর 6,000 ইউনিটের সহায়ক আবাসন নির্মাণ আর অক্ষুণ্ণ রেখে গৃহহীনতার সমাধান করছে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "গভর্নর কুওমোর নির্দেশনায় HCR সাশ্রয়ী মূল্যের মিশ্র ব্যবহারের আবাসন প্রকল্প নির্মাণের মাধ্যমে বাফেলোতে অর্থনৈতিক পুনরুজ্জীবন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, যা পরিষেবায় সহজে প্রবেশাধিকারের মাধ্যমে প্রাণবন্ত সম্প্রদায় তৈরি করে। লা প্লাজা দে ভার্জিনিয়া 46টি সাশ্রয়ী এবং সহায়ক বাড়ি নিয়ে এই পদ্ধতি চালিয়ে যাচ্ছে, যেখানে পুরো সম্প্রদায়ের সুবিধার্থে একটি সিনিয়র সার্ভিস সেন্টার এবং ক্যাফে রয়েছে। এই উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা আমাদের রাষ্ট্রীয় সংস্থার অংশীদার এবং HUB এর কাছে কৃতজ্ঞ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "বেটার বাফেলো ফান্ড ট্রানজিটে প্রবেশাধিকারসহ এলাকায় প্রাণবন্ত বাণিজ্যিক জেলা এবং আবাসিক এলাকা তৈরি করতে মিশ্র ব্যবহারের উন্নয়নকে উৎসাহিত করে। লা প্লাজা দে ভার্জিনিয়া একটি অসাধারণ উদাহরণ, যা একসময়ের ফাঁকা থাকা একটি লটকে বাফেলোর প্রবীণদের জন্য সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং সুবিধায় রুপান্তরিত করবে।"

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (New York State Department of Health) কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "COVID-19 মহামারী আমাদের সবাইকে সিনিয়র সিটিজেনদের একটি সহায়ক কমিউনিটিতে স্বাস্থ্যসেবা এবং সামাজিক সেবা নিশ্চিত করার গুরুত্ব মনে করিয়ে দিয়েছে, যা লা প্লাজা দে ভার্জিনিয়া প্রদান করবে। বাফেলোর কেন্দ্রে অবস্থিত, এই প্রকল্প রাষ্ট্রের হেলথ অ্যাক্রস অল পলিসিস নীতিকে এগিয়ে নিয়ে যায় এবং নিউ ইয়র্ককে জাতির সবচেয়ে বয়স-বান্ধব রাষ্ট্র হিসেবে গড়ে তোলার জন্য আমাদের প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যায়।"

NYSERDA এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "পরবর্তী প্রজন্মের স্বাস্থ্যকর, কম-কার্বন স্থাপনা তৈরিতে আমাদের সবচেয়ে অসহায় নাগরিকদের জন্য নবনির্মিত বাড়িতে টেকসই এবং জলবায়ু স্থিতিশীল বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যখন আমরা ন্যায়সঙ্গত এবং কার্বন নিরপেক্ষ অর্থনীতিতে রুপান্তরের গভর্নর কুওমোর লক্ষ্যকে বাস্তবায়ন করছি। পরিবেশ এবং তাদের সম্প্রদায়ের প্রতি তাদের অঙ্গীকারের জন্য আমরা হিসপানোস ইউনিডোস দে বাফেলোর প্রশংসা করছি এবং লা প্লাজা দে ভার্জিনিয়ায় নির্মাণ কাজ শুরু করার জন্য তাদের অভিনন্দন জানাই।"

সিনেটর টিম কেনেডি বলেন, "যেহেতু আমাদের জাতি একটি সাশ্রয়ী মূল্যের আবাসন সংকটের সম্মুখীন হচ্ছে, আমাদের রাষ্ট্র এবং হিসপানোস ইউনিডোস দে বাফেলোর মত অসাধারণ অংশীদাররা নতুন আবাসন সুযোগে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ যা এগুলোর প্রয়োজন এমন সম্প্রদায়ের মধ্যে সরাসরি সহায়ক, টেকসই সম্পদ নিয়ে আসবে। নিউ ইয়র্ক স্টেট এবং সিটি অফ বাফেলোর সহায়তায়, এই প্রকল্পটি সত্যিকার অর্থে একটি দলগত প্রচেষ্টা, এবং HUB এর অবিশ্বাস্য স্বপ্নকে বাস্তবে পরিণত হতে এক ধাপ এগিয়ে যেতে দেখে আমি রোমাঞ্চিত।"

সিনেটর শান রায়ান বলেন, "নিউ ইয়র্ক স্টেট থেকে শক্তিশালী আর্থিক সহায়তায় লা প্লাজা দে ভার্জিনিয়া বাফেলোর ওয়েস্ট সাইডের জন্য একটি রূপান্তরমূলক উন্নয়ন হবে। সহায়ক সেবা, একটি কমিউনিটি সেন্টার এবং স্বাস্থ্যসের সাথে প্রবীণদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন একত্রিত করার মাধ্যমে, আমরা ওয়েস্ট সাইডের বাসিন্দাদের সামগ্রিক কল্যাণের উন্নতি সাধন করব, যাদের প্রায়ই এই জটিল সেবাগুলোতে প্রবেশাধিকারের অভাব রয়েছে। আমি এই নতুন প্রকল্প উদ্বোধনের অপেক্ষায় আছি, এবং আমি হিসপানোস ইউনিডোস দে বাফেলো এবং সকল শ্রমিকদের ধন্যবাদ জানাই যারা এই নির্মাণকে বাস্তবে পরিণত করবে।"

অ্যাসেম্বলি সদস্য জনাথন রিভেরা বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ঠিক এই ধরনের প্রকল্পকে সমর্থন করা উচিত, শুধু একটি চাহিদা পূরণ করা নয়, শুধু সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করা নয়, শুধু আমাদের বয়স্ক জনগণকে সাহায্য করা নয়, মানুষকে নিরাপদে জড়ো করার জন্য একটি জায়গা প্রদান করা নয়, বরং এই সব কিছু এবং আরো অনেক কিছু সম্পন্ন করা। আমি এই প্রায়ই অবহেলিত সম্প্রদায়ের মধ্যে এই উল্লেখযোগ্য বিনিয়োগ করার সাথে জড়িত সবাইকে ধন্যবাদ জানাতে চাই।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলনকারজ বলেন, "সাশ্রয়ী মূল্যের আবাসনের অভাব প্রবীণদের বিশেষভাবে কঠিন ভাবে প্রভাবিত করে এবং তাদের গৃহহীনতা এবং এর সাথে আসা স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত সমস্যার ঝুঁকি বাড়িয়ে দেয়। হিসপানোস ইউনিডোস দে বাফেলো দ্বারা লা প্লাজা দে ভার্জিনিয়ার উন্নয়ন বাফেলোতে অনগ্রসর প্রবীণদের জন্য আবাসন এবং সহায়তা সেবা প্রদান করবে, তাদের যত্ন বৃদ্ধি করবে এবং একটি সম্প্রদায়ের অংশ হওয়ার সুযোগ এবং সামাজিকীকরণ প্রদান করবে। এটি সম্প্রদায়ের জন্য, এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ, যারা এর বাসিন্দা হবে তাদের জন্য একটি ভাল উন্নয়ন।"

HUB এর নির্বাহী পরিচালক ইউজিনিও রুসি বলেছেন, "হিসপানোস ইউনিডোস দে বাফেলো এই সবকিছু অন্তর্ভুক্ত প্রবীণ আবাসন তৈরির মাধ্যমে সমাজে আমাদের পায়ের ছাপ সম্প্রসারণ অব্যাহত রাখতে পেরে গর্বিত, যা টেকসই, সাশ্রয়ী এবং সামাজিক সেবা/স্বাস্থ্যসেবা একত্রীকরণের একটি মডেল হিসেবে কাজ করবে। এই প্রকল্পকে সম্ভব করার জন্য আমরা মেয়র ব্রাউন, স্টেট সিনেট, আমাদের সহযোগী সংস্থা আকাসিয়া নেটওয়ার্ক এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, NYSERDA, ন্যাশনাল ইকুইটি ফান্ড এবং সিটিজেন ব্যাংক সহ আমাদের অংশীদারদের সমর্থনকে গভীরভাবে মূল্যায়ন করি।"

হিসপানোস উনিডোস দে বাফেলো, ইনকর্পোরেশন (Hispanos Unidos de Buffalo, Inc)।
হিসপানোস ইউনিডোস দে বাফেলো নিউ ইয়র্কের বাফেলো ভিত্তিক একটি অলাভজনক প্রতিষ্ঠান, যা আপস্টেট অঞ্চলে অনগ্রসর সম্প্রদায়ে, বিশেষ করে হিস্পানিক/ল্যাটিনো এবং আফ্রিকান আমেরিকানদের সমন্বিত যত্ন এবং সামাজিক সেবা প্রদান করে। 1989 সালে প্রতিষ্ঠিত, HUB এর মিশন শহুরে পরিবেশে বাসিন্দাদের স্বয়ংসম্পূর্ণ নাগরিক হতে সক্ষম করা যারা তাদের সম্প্রদায়ের জীবনযাত্রার মানে অবদান রাখতে সক্ষম হয়। HUB এবং এর সহযোগী সংস্থাগুলি ব্যাপক স্বাস্থ্য, হাউজিং এবং সামাজিক সেবা কর্মসূচী পরিচালনা করে, যার মধ্যে রয়েছে: সাশ্রয়ী এবং সহায়ক আবাসন; গার্হস্থ্য সহিংসতার শিকার এবং COVID-19 সম্পর্কিত গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের দ্রুত পুনর্বাসন; প্রাথমিক ও উপ-বিশেষত্ব চিকিৎসা সেবা, মানসিক স্বাস্থ্য এবং মাদক অপব্যবহারের চিকিৎসা; এইচআইভি সেবা; হেল্থ হোম সার্ভিস; পুষ্টি, শিক্ষামূলক এবং বৃত্তিমূলক সেবা, সেই সাথে শিশুদের ফসটার কেয়ার এবং গার্হস্থ্য সহিংসতার শিকার সেবা থেকে দূরে রাখার জন্য প্রতিরোধমূলক সেবা।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন